

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৬৪

৪. সাওম অধ্যায় (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ২৩. যে (রোযাদার) ব্যক্তি ভুলে যাওয়ার কারণে (কোনো কিছু) খেয়ে ফেলে, তার সম্পর্কে

بَابِ فِيمَنْ أَكَلَ نَاسِيًا

আরবী

أَخْبَرَنَا أَبُو جَعْفَرٍ مُحَمَّدُ بْنُ مِهْرَانَ الْجَمَّالُ حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَعِيلَ عَنْ الْحَارِثِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي ذُبَابٍ عَنْ عَمِّهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي ذُبَابٍ عَنْ عَمِّهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَكَلَ أَحَدُكُمْ أَوْ شَرِبَ نَاسِيًا وَهُوَ صَائِمٌ ثُمَّ ذَكَرَ فَلْيُتِمَّ صِيَامَهُ فَإِنَّمَا أَطْعَمَهُ اللَّهُ وَسَلَّمَ إِذَا أَكُلَ أَحَدُكُمْ أَوْ شَرِبَ نَاسِيًا وَهُو صَائِمٌ ثُمَّ ذَكَرَ فَلْيُتِمَّ صِيَامَهُ فَإِنَّمَا أَطْعَمَهُ اللَّهُ وَسَلَّاهُ قَالَ أَبُو مُحَمَّد أَهْلُ الْحِجَازِ يَقُولُونَ يَقْضِي وَأَنَا أَقُولُ لَا يَقْضِي

বাংলা

১৭৬৪. আবূ হুরাইরা রাদ্মিল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমাদের মধ্যে কোনো ব্যক্তি সাওমরত অবস্থায় যদি ভুলক্রমে কিছু আহার করে বা পান করে ফেলে, এরপর তার (সিয়ামের কথা) স্মরণ হয়, তবে সে যেন তার সাওম পুরা করে নেয়। কেননা আল্লাহই তাকে আহার করিয়েছেন এবং তিনিই তাকে পান করিয়েছেন।"[1]

আবূ মুহাম্মদ বলেন: হিজাযবাসী গণ বলেন, তাকে এ রোযার কাযা আদায় করতে হবে। তবে আমার মতে, এর কাযা আদায় করতে হবে না।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ উত্তম (জাইয়েেদ), যদি উম্মুল হারিছের সাহাবী হওয়া সাব্যস্ত হয়। আর তিনি হলেন: আইয়ায ইবনু আব্দুল্লাহ ইবনু সা'দ ইবনু আবী যি'আব, যাকে ইবনু মানদাহ ও আবু নুয়াইম সাহাবীগনের অন্তর্ভূক্ত করেছেন। যদি এটি সাব্যস্ত না হয়, তবে তিনি মাজহুল (অজ্ঞাত পরিচয়)। তবে হাদীসটি (সহীহ) বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: এটি আগের হাদীসটির পুনরাবৃত্তি।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন